দৈনিক বাংলা

তারিখ 18 JUL 1990
পৃষ্ঠা ... ২ কলাম ... ১ ...

C25

# এইচ এস সি ঃ গতকাল সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কার

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

উচ্চ মাধ্যমিক পরীক্ষার চতুর্থ দিনে গতকাল সারাদেশে চারটি শিক্ষা বোর্ডের অধীনে নকলের অভিযোগে মোট এক হাজার ২৮০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

(৫-এর পৃঃ দ্রঃ)

95

## পরীক্ষার্থী বহিষ্কার

(প্রথম পৃঃ পর)

তবে কোথাও কোন প্রকার অপ্রীতিকর ঘটনার সংবাদ পাওয়া যায়নি।

গতকাল পদার্থবিদ্যা ১ম পত্র ও অর্থনীতি ১ম পত্র বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ঢাকা বোর্ডের কন্ট্রোল রুম সূত্রে জানানো হয়েছে, বোর্ডের অধীনে বিভিন্ন জেলার ৪৭টি কেন্দ্র থেকে মোট ৩৪৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ফরিদপুর জেলার ৭টি কেন্দ্র থেকে ১০০ জন, শেরপুরের ৫টি কেন্দ্র থেকে ৪০ জন, রাজবাড়ির ১টি কেন্দ্র থেকে একজন, টাঙ্গাইলের ১১টি কেন্দ্র থেকে ৭১ জন, নরসিংদীর ৭টি কেন্দ্র থেকে ৩০ জন, নারায়ণগঞ্জের ৪টি কেন্দ্র থেকে ২৮ জন, জামালপুরের ৭টি কেন্দ্র থেকে ৪৮ জন এবং মুন্সীগঞ্জের ৫টি কেন্দ্র থেকে ২৫ জনকে বহিষ্কার করা হয়েছে।

রাজশাহী থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, রাজশাহী বোর্ডের ৪৭টি কেন্দ্র থেকে মোট ৩৩৮ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে চাঁপাইনবাবগঞ্জের ৪টি কেন্দ্র থেকে ১৪ জন, নীলফামারীর ৫টি কেন্দ্র থেকে ৪৬ জন, জয়পুরহাটের ৩টি কেন্দ্র থেকে ৮জন, লালমনিরহাটের ১টি কেন্দ্র থেকে একজন, গাইবান্ধার ৪টি কেন্দ্র থেকে ১৪ জন, ঠাকুরগাঁওয়ের ৪টি কেন্দ্র থেকে ৩৫ জন, দিনাজপুরের ১২টি কেন্দ্র থেকে ১১২ জন, সিরাজগঞ্জের ৮টি কেন্দ্র থেকে ৩৭ জন এবং রাজশাহীর ৭টি কেন্দ্র থেকে ২৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

কুমিল্লা থেকে আমাদের সংবাদদাতা জানান, গতকাল মঙ্গলবার কুমিল্লা বোর্ডের এইচ এস সি পরীক্ষায় ১২১টি কেন্দ্রের মধ্যে ২৬টি কেন্দ্র থেকে ৫৫৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এর মধ্যে কুমিল্লা জেলার ১২টি কেন্দ্র থেকে ৪১৭ জনকে বহিষ্কার করা হয়।

যশোর থেকে আমাদের স্টাফ রিপোর্টার জানান, যশোর বোর্ডের ১৪টি কেন্দ্র থেকে ৪৩ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে যশোর জেলায় ১৭ জন, ঝিনাইদহে ২ জন, নড়াইলে ৮ জন, খুলনায় ১৫ জন এবং মাগুরায় একজনকে বহিষ্কার করা হয়েছে।